# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

বিষয় কোড : ২৯২

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]*

### ক বিভাগ: ফিন্যান্স

১.▶উদীয়মান ধান, পাট ও বিভিন্ন মৌসুমী শস্যের পাইকারী ব্যবসায়ী জনাব জামিল তার নিজের জমানো ও বিভিন্ন প্রতিষ্ঠান থেকে সুবিধামতো অর্থ সংগ্রহ এবং তা বিভিন্ন লাভজনক বিভিন্ন খাতে বিনিয়োগ করে মোটামুটি সফল অবস্থানে ছিলেন। এসময় তিনি বেশ সচ্ছলতার সাথে ব্যবসায় বাণিজ্য পরিচালনা করছিলেন। কিন্তু পরবর্তীতে হঠাৎ তিনি ব্যাংকে বেশি পরিমাণ টাকা জমা রাখায় একটু সমস্যার মধ্যে পড়েন এবং এটি তাকে ধীরে ধীরে মূলধন সংকটের মধ্যে ফেলে দেয়। এর ফলে তার ব্যবসায়িক ক্ষতি সাধিত হয় এবং ব্যবসায় পরিচালনায় তিনি হিমসিম খান।

ক. অর্থায়নের সামাজিক দায়িত্ব বলতে কী বোঝায়? ১

খ. "অর্থায়নের লক্ষ্য অর্জনে নীতি মানা প্রয়োজন" — ব্যাখ্যা করো। ২

গ. প্রথম দিকে জনাব জামিলের ব্যবসায়িক সফলতার পেছনের কারণ কী হতে পারে তা বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে অর্থায়নের বিভিন্ন নীতির আলোকে জনাব জামিলের ব্যবসায়িক বর্তমান সমস্যা থেকে উত্তরণের জন্য করণীয় কাজ সম্পর্কে আলোচনা করো। ৪

২.▶পৃথিবীর সব কাজই সুন্দর, সুষ্ঠু এবং নির্ভেজালভাবে সম্পাদনের জন্য আইনের প্রয়োজন হয়। তেমনি পৃথিবীর বিভিন্ন দেশের আর্থিক বাজার সুন্দর ও সুশৃঙ্খলভাবে পরিচালনার জন্য বিভিন্ন আইন তৈরি করা হয়েছে। বিভিন্ন আর্থিক কাজ সম্পাদনকারী প্রতিষ্ঠানও যেমন ভিন্ন তেমনি তাদের তদারকি ও নিয়ন্ত্রণের জন্য আইন প্রয়োগকারী সংস্থাও বিভিন্ন রকমের। আইন থাকার কারণে এসব প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে তাদের বিভিন্ন কার্যাবলি সম্পাদন করে। নিয়ন্ত্রণে রাখা এবং সর্বোপরি একটি দক্ষ এবং প্রতিষ্ঠিত আর্থিক বাজারের জন্য আইন প্রণয়ন একান্ত জরুরি।

ক. কলমানি বাজার কী? ১

খ. "মানি লন্ডারিং অর্থনৈতিক উন্নয়নের পথে বাধাস্বরূপ" — ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে আর্থিক বাজার নিয়ন্ত্রণে যে আইনের বিষয় আলোচিত হয়েছে তা প্রণয়নের ধাপগুলো আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত স্থিতিশীল আর্থিক বাজারের বিভিন্ন সংস্থার বিভিন্ন আইনের প্রয়োজনীয়তা সম্পর্কে তোমার মতামত দাও। ৪

https://teachingbd24.com

৩. ▶ জনাব জাবেদ একটি ব্যবসায় আরম্ভ করার জন্য বেশ কিছু টাকার প্রয়োজনীয়তা অনুভব করলে তার বন্ধুর পরামর্শ মোতাবেক দুটি ব্যাংকে ঋণের জন্য চেষ্টা করতে থাকেন। 'ক' ব্যাংক তার নামে ৩,০০,০০০ টাকা ঋণ মঞ্জুরে রাজি হয়েছে কিন্তু তাকে সেই ঋণ ১০% সুদে আগামী ১০ বছরে প্রতি বছরে পরিশোধ করতে হবে। অপর একটি ব্যাংক 'খ' একই পরিমাণ টাকা দিতে রাজি আছে কিন্তু তারা প্রতি মাসের শুরুতে ৯.৫% সুদে ১০ বছরে সেই টাকা ফেরত নেবে। তিনি শর্তের তারতম্য দেখে সিদ্ধান্তহীনতায় ভুগছেন।

ক. ফ্যাক্টর রেট কী? ১

খ. 'সকলেই অর্থের সময়ের অগ্রাধিকার দেয়'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জনাব জাবেদকে 'ক' ব্যাংকে মোট কত টাকা পরিশোধ করতে হবে তা নির্ণয় করে দেখাও। ৩

ঘ. জনাব জাবেদের জন্য কোন ব্যাংক থেকে ঋণ নেওয়া যৌক্তিক হবে বলে তুমি মনে করো? ৪

৪. ▶ জিতু ৫০,০০০ টাকা ব্যাংক হতে ঋণ নিয়ে তার সমস্যার সমাধানের চেষ্টা করেন। তিনি এ ঋণের সমুদয় টাকা বার্ষিক কিস্তিতে পরিশোধ করতে চান। একজন ব্যাংক ম্যানেজারের সাথে বিষয়টি আলোচনা করলে তিনি তাকে ১১% সুদের হারে ৩ বছরে পরিশোধ্য ঋণটি দিতে আগ্রহী হন।

ক. চিরস্থায়ী বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ১

খ. "চক্রবৃদ্ধি সংখ্যার পরিবর্তন অর্থের বর্তমান মূল্যকে প্রভাবিত করে" — ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের তথ্যাবিল থেকে জনাব জিতুকে গৃহীত ঋণের বিপরীতে প্রতিবার কত টাকা পরিশোধ করতে হবে তা নির্ণয় করো। ৩

ঘ. জনাব জিতুকে প্রতিবার ব্যাংকে কী পরিমাণ আসল এবং সুদ পরিশোধ করতে হবে তা ছকে নির্ণয় করে দেখাও। ৪

৫. ▶ জয় ইলেকট্রনিক্স একটি এনার্জি বাল্ব উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি তার তৈরি প্রতিটি এনার্জি বাল্ব বাজারে ২২৫ টাকা করে বিক্রি করে থাকে। প্রতিষ্ঠানের বিগত বছরের হিসাব বিবরণীতে দেখা যায়, প্রতিষ্ঠানটির সারা বছরের স্থির ব্যয় ৫,০০,০০০ টাকা এবং প্রতি একক পণ্যের পরিবর্তনশীল ব্যয় হয় ১০০ টাকা। বিক্রয়ের পরিমাণ কম করে প্রতিষ্ঠানের ম্যানেজার মনে করছেন তিনি ৪,০০০টি এনার্জি বাল্ব বিক্রি করে অতিরিক্ত ১০,০০,০০০ টাকা আগামীতে মুনাফা অর্জন করতে সক্ষম হবেন।

ক. আর্থিক বিশ্লেষণ কী? ১

খ. সমচ্ছেদ বিন্দু একক ও টাকায় নির্ণয়ের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে 'জয় ইলেকট্রনিক্স'-এর সমচ্ছেদ বিন্দুতে বিক্রয়ের পরিমাণ কত টাকা তা নির্ণয় করে দেখাও। ৩

ঘ. প্রতিষ্ঠানটি বছরে ১০,০০,০০০ টাকা অতিরিক্ত মুনাফা করতে চাইলে কী পরিমাণ বিক্রয় নিশ্চিত করতে হবে তা নির্ণয় করো। ৪

https://teachingbd24.com

৬. ▶ একটি প্রতিষ্ঠান একটি মেশিন ক্রয়ের জন্য ৭৫,০০০ টাকা এবং তা স্থাপনের জন্য অতিরিক্ত ৫,০০০ টাকা বিনিয়োগ করেছে। প্রতিষ্ঠানটি আশা করছে যদি মেশিনটি পুরোদমে উৎপাদনে যায় তবে তারা আগামী ১৪ বছরের প্রত্যেক বছরে ৭,৫০০ টাকা করে আন্তঃপ্রবাহ ফেরত পাবে। মূলধন ব্যয় ১১%।

ক. মূলধন রেশনিং কী? ১

খ. ধনাত্মক নিট বর্তমান মূল্য গ্রহণের কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে প্রতিষ্ঠানটির নিট বর্তমান মূল্য নির্ণয় করে দেখাও। ৩

ঘ. প্রতিষ্ঠানটির অভ্যন্তরীণ আয়ের হার কী মূলধন ব্যয়কে পূরণ করতে পারবে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

## খ বিভাগ: ব্যাংকিং

৭. ▶ একটি কোম্পানির উৎপাদন বিভাগ কর্তৃক কাঁচামালের বার্ষিক পণ্যের চাহিদা ২,০০,০০০ একক। প্রতি একক কাঁচামালের ক্রয়মূল্য ৪০ টাকা। প্রতিবার প্রতিটি ফরমায়েশ বাবদ কোম্পানির খরচ হয় ২০০ টাকা। প্রতিটি কাঁচামালের বহন বাবদ খরচ ক্রয়মূল্যের ৮%।

ক. স্বতঃস্ফূর্ত অর্থায়ন বলতে কী বোঝায়? ১

খ. নগদ আবর্তন বাড়ানোর জন্য করণীয় কাজগুলো কী হতে পারে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোম্পানিটির মোট ফরমায়েশ খরচের পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে কোম্পানিটির মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ ৮০০ একক, ১০০০ একক, ২০০০ একক এবং ২,৫০০ একক ধরে ভুল ও শেখা পদ্ধতিতে মিতব্যয়ী ফরমায়েশ পমিাণ কত হবে তা নির্ণয় করো। ৪

৮. ▶ একটি কোম্পানির প্রতিটি বন্ডের লিখিত মূল্য ১,০০০ টাকা, সুদের হার ১২.৫% এবং মেয়াদ ১০ বছর। মেয়াদ শেষে কোম্পানি প্রতিটি বন্ডের মূল্য বাবদ ১,১০০ টাকা পরিশোধ করবে বলে ঘোষণা দিয়েছে। বর্তমানে বন্ডটি বাজারে ১,১০০ টাকায় বিক্রি হচ্ছে এবং বন্ডটির বিনিয়োগকারীদের প্রত্যাশিত আয়ের হার ১৩%।

ক. পুট বন্ড কী? ১

খ. 'সংরক্ষিত আয়ের উৎস ব্যয়মুক্ত' — ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে কোম্পানিটির সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. যদি ৪ বছর পর কোম্পানি বন্ডটিকে ১,২৫০ টাকায় তলব করে নেয় তবে তার ইল্ড টু কল কত হবে তা নির্ণয় করে দেখাও। ৪

৯. ▶ একটি কোম্পানির ১২% অগ্রাধিকার শেয়ার ৪০,০০০ টাকা, ১০% ঋণ মূলধন ২০,০০০ টাকা, সাধারণ শেয়ার মূলধন ৪০,০০০ টাকা (প্রতিটির মূল্য ১০০ টাকা)। কোম্পানিটির বর্তমানে প্রতিটি সাধারণ শেয়ারের বাজারমূল্য ১২৫ টাকা। বিগত বছরগুলোতে কোম্পানি সাধারণ শেয়ারে ৪.৫% হারে লভ্যাংশ প্রদান করেছে। অতীতে

https://teachingbd24.com

কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৫% হারে বৃদ্ধি পেয়েছে। কর্পোরেট করের হার ২৫% ও প্রতিটি শেয়ারের উত্তরণ ব্যয় বিক্রয়মূল্যের ২%।

ক. স্থির লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতি কী? ১

খ. 'মূলধন ব্যয় সর্বাপেক্ষা কম উপার্জিত আয়ের হার' — বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের আলোকে কোম্পানিটির সাধারণ শেয়ারের ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের বর্ণিত তথ্যের ভিত্তিতে প্রতিষ্ঠানটির সামগ্রিক মূলধন ব্যয় নির্ণয় করো। ৪

১০. ▶জনাব জাকিরের হাতে একটি প্রকল্প রয়েছে। প্রকল্পের প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ৬৫,০০০ টাকা। মেয়াদকাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ৫ টাকা

| বছর | প্রকল্প-ক |
|---|---|
| | কর ও অবচয় পূর্ব নিট মুনাফা |
| ০১ | ২৭,৫০০ টাকা |
| ০২ | ২৮,০০০ টাকা |
| ০৩ | ২৬,৯০০ টাকা |
| ০৪ | ৩৩,০০০ টাকা |
| ০৫ | ২৪,০০০ টাকা |

ক. বিনিয়োগের ওপর উপার্জন আয়ের হার কী? ১

খ. 'পরিশোধকাল সময়ের ধারণায় একটি প্রকল্পেরও গ্রহণযোগ্যতা যাচাই সম্ভব' — ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে প্রকল্প 'ক' এর বিভিন্ন বছরের আন্তঃপ্রবাহগুলো নির্ণয় করে দেখাও। ৩

ঘ. পে-ব্যাক পদ্ধতির বিবেচনায় প্রকল্পটির মুনাফা অর্জন সময় কত হবে তা নির্ণয় করো। ৪

১১. ▶প্রতিটি 'জেম' কোম্পানির শেয়ারের ক্রয়মূল্য ১০ টাকা এবং লভ্যাংশের হার ১২%। ১ বছর পর শেয়ারটিকে ১২ টাকায় বিক্রি করা হয়। অপরদিকে জনাব জাহিদ তার মোট মূলধনের ৬০% 'ক' কোম্পানিতে এবং বাকি ৪০% 'খ' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করেছেন। শেয়ারটির বিবরণ নিম্নরূপ:

| বিবরণ | 'ক' কোম্পানি | 'খ' কোম্পানি |
|---|---|---|
| প্রত্যাশিত আয়ের হার | ১১% | ১৪% |
| আদর্শ বিচ্যুতি | ১০% | ১২% |

'ক' ও 'খ' কোম্পানির সহসম্বন্ধ (-৫০)।

ক. রাজনৈতিক ঝুঁকি কী? ১

খ. 'বিটার মান প্রয়োজনীয় আয়ের হারকে প্রভাবিত করে' — ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে 'জেম' কোম্পানির শেয়ারটির আয়ের হার নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে জনাব জাহিদের পোর্টফোলিও ঝুঁকির পরিমাণ নির্ণয় করো। ৪

https://teachingbd24.com

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২ ৯ ২

সময় ঃ৩০ মিনিট পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

**১. মুনাফা অর্জনের উদ্দেশ্যে ও অর্থায়ন গঠিত ও পরিচালিত হয় তাকে কী বলে?**

ⓚ ব্যবসায় অর্থায়ন
ⓦ অব্যবসায় অর্থায়ন
ⓖ সরকারি অর্থায়ন
ⓘ আর্থিক ব্যবস্থাপনা

**২. একটি ফার্মের চূড়ান্ত লক্ষ্য কী?**

ⓚ মুনাফা সর্বাধিকরন
ⓦ সম্পদ সর্বাধিকরণ
ⓖ বিক্রয় সর্বাধিকরণ
ⓘ সমাজ সেবা

**৩. ঝুঁকির সাথে মুনাফার সম্পর্ক—**

ⓚ ঋণাত্মক ⓦ নিরপেক্ষ
ⓖ ধনাত্মক ⓘ নিম্নমুখী

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**

সাকিব একজন খুচরা ব্যবসায়ী। তিনি তার ব্যবসার জন্য এক স্বচ্ছল বন্ধুর নিকট থেকে আর্থিক সহায়তা চেয়েছেন। তিনি ব্যাংক থেকেও ঋণ নিয়েছেন। তিনি তার ব্যবসায়ের ঝুঁকি নিতে ভয় পান না। তাকে সেই সাথে মুনাফা লভ্যতার বিষয়টিও মাথায় রাখতে হয়।

**৪. সাকিব কোন ধরনের অর্থ সংস্থাপন করছে?**

i. ব্যক্তিগত ii. অব্যবসায়
iii. ব্যবসায়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৫. উদ্দীপকে বর্ণিত সাকিবের ভবিষ্যতে আর্থিক নীতি কোনটি?**

ⓚ তারল্য ও মুনাফা লভ্যতার নীতি
ⓦ ঝুঁকি ও মুনাফার নীতি
ⓖ পোর্টফোলিও বৈচিত্রায়নের নীতি
ⓘ উপযুক্ততার নীতি

**৬. ক্ষুদ ঋণ প্রতিষ্ঠানের তহবিলের উৎস হবে—**

i. সুনির্দিষ্ট চুক্তির মাধ্যমে পর্ষদ কর্তৃক অনুদান
ii. অনুমোদিত দেশি ও বিদেশি সংস্থান দান ও অনুদান
iii. গ্রাহকের নিকট থেকে আমানত গ্রহণ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৭. IPO এর পূর্ণরূপ কোনটি?**

ⓚ Intial Public Order
ⓦ Intermediate Public Offering
ⓖ Intermediate Public Order
ⓘ Initial Public Offering

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**

ক্ষুদ্র ঋণ কর্তৃপক্ষ উন্নয়নশীল দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অনেক অবদান রাখে। ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান পরিচালনার জন্য এ কর্তৃপক্ষের সনদ নিতে হয়। বর্তমান প্রতিযোগিতামূলক পরিবেশে এক ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানকে অন্যের সহযোগিতা নিতে হবে।

**৮. ক্ষুদ্র ঋণ কর্তৃপক্ষ যে জন্য সনদ প্রদান করেন—**

i. দারিদ্র বিমোচন
ii. সার্বিক কল্যাণ সাধন
iii. প্রযুক্তি সহায়তা দান

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓦ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৯. উদ্দীপকে বর্ণিত প্রতিযোগিতামূলক পরিবেশে টিকে থাকার জন্য প্রয়োজন—**

ⓚ কেন্দ্রীয়করণ ⓦ বিকেন্দ্রীকরণ
ⓖ একীভূতকরণ ⓘ আধুনিকায়ন

**১০. কোনটি সবচেয়ে গ্রহণযোগ্য বিনিময়ের মাধ্যম—**

ⓚ অর্থ ⓦ চেক
ⓖ এটিএম কার্ড ⓘ ক্রেডিট কার্ড

**১১. কোন সালের অধ্যাদেশ বলে বাংলাদেশ সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশন গঠিত হয়?**

ⓚ ১৯৬৯ ⓦ ১৯৯১
ⓖ ২০০২ ⓘ ২০১০

**১২. কোনটি মুদ্রা বাজারের হাতিয়ার?**

ⓚ শেয়ার ⓦ বন্ড
ⓖ ঋণপত্র ⓘ বাণিজ্যিক পত্র

**১৩. অংশীদারি আইন ১৯৩২ এ অংশীদারি ব্যবসায়ের ভিত্তি হলো—**

ⓚ প্রতিনিধিত্ব ⓦ আস্থা
ⓖ চুক্তি ⓘ যোগ্যতা

https://teachingbd24.com

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।

জনাব জাকির হোসেন একজন অবসরপ্রাপ্ত কর্মকর্তা। তিনি প্রতি মাস শেষে ২৫,৭৭৫ টাকা পেনশন উত্তোলন করেন। তবে বাজারে সুদের হার ১০% হওয়ায় পেনশনের টাকা তিনি এককালীন দেয়ার কথা ভাবছেন।

**১৪. উদ্দীপকে বর্ণিত জনাব জাকির হোসেনের পেনশন কোন ধরনের নগদ প্রবাহ?**

ক) Ordinary Annuity
খ) Anuity due
গ) Deferred annuity
ঘ) Perpetuity

**১৫. উদ্দীপকে বর্ণিত জনাব জাকির হোসেনের পেনশনের বর্তমান মূল্য কত হতে পারে?**

ক) ২৫,৭৭৫    খ) ২,৫৭,৭৫০
গ) ২৫,৭৭,৫০০    ঘ) ২,৫৭,৭৫,০০০

**১৬. অর্থের সময়মূল্যের ধারণাটি কোন ক্ষেত্রে সর্বাধিক ব্যবহৃত হয়?**

ক) সুদের হার নির্ধারণে
খ) সময় নির্ধারণে
গ) বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে
ঘ) আর্থিক অবস্থা নিরূপণে

**১৭. সময় পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের পরিবর্তনকে কী বলে?**

ক) অর্থের সময়মূল্য    খ) অর্থের মূল্য
গ) ভবিষ্যৎ মূল্য    ঘ) বর্তমান মূল্য

**১৮. চলতি অনুপাতের আদর্শ মান কত?**

ক) ১ : ১    খ) ২ : ১
গ) ৩ : ১    ঘ) ৪ : ১

**১৯. নগদ প্রবাহ বিবরণী তৈরির পদ্ধতি কয়টি?**

ক) ১    খ) ২
গ) ৩    ঘ) ৪

**২০. সমচ্ছেদ বিন্দুর ওপরে কী অর্জিত হয়?**

ক) মুনাফা    খ) ব্যয়
গ) দায়    ঘ) সম্পত্তি

**২১. নিচের কোনটি চলতি সম্পত্তি?**

ক) নগদ টাকা    খ) যন্ত্রপাতি
গ) আসবাবপত্র    ঘ) শেয়ার

**২২. নিচের কোনটি স্বতঃস্ফূর্ত অর্থায়নের উৎস?**

ক) ব্যবসায় ঋণ    খ) প্রাপ্য বিল
গ) মজুদ পণ্য    ঘ) গুদাম রশিদ

**২৩. ব্যাংক জমাতিরিক্ত ঋণ ব্যবসায়ের কোন ধরনের অর্থসংস্থানে ব্যবহৃত হয়?**

ক) স্বল্পমেয়াদি
খ) মধ্যম মেয়াদি
গ) স্বল্প ও মধ্যম মেয়াদি
ঘ) দীর্ঘমেয়াদি

**২৪. ট্রেজারি বন্ড কে ইস্যু করে?**

ক) কর্পোরেশন    খ) সরকার
গ) বাণিজ্যিক ব্যাংক    ঘ) মিউনিসিপাল কর্তৃক

**২৫. মোট ঝুঁকি হতে সামগ্রিক বাজার ঝুঁকি বাদ দিলে যে ঝুঁকি পাওয়া যায় তাকে কি বলে?**

ক) বাজার ঝুঁকি
খ) পরিহারযোগ্য ঝুঁকি
গ) আর্থিক ঝুঁকি
ঘ) ব্যবসায়িক ঝুঁকি

**২৬. নিচের কোনটি অর্থায়নের বাহ্যিক উৎস?**

ক) প্রাথমিক মূলধন
খ) সংরক্ষিত মুনাফা
গ) ব্যবসায় ঋণ
ঘ) বকেয়া খরচসমূহ

**২৭. বাজার বিটা মূল্য কত?**

ক) ০    খ) ১
গ) ২    ঘ) ৩

**২৮. কোনটি মূলধন বাজেটিং মূল্যায়নের সনাতন কৌশল—**

ক) পরিশোধকাল
খ) নিট বর্তমান মূল্য
গ) অভ্যন্তরীণ মুনাফার হার
ঘ) বাট্টাকৃত পরিশোধকাল

**২৯. শেয়ার দাম বাড়লে বাজার সূচক—**

ক) কমে    খ) বাড়ে
গ) স্থির থাকে    ঘ) শূন্য হয়

**৩০. একটি ব্যবসায় প্রতিষ্ঠানের প্রতিটি সিদ্ধান্তের সাথে কি জড়িত থাকে?**

ক) লাভ    খ) ক্ষতি
গ) ঝুঁকি    ঘ) সম্ভাবনা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ক | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | গ |

teachingbd24.com